

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট ২২, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৭ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ/২২ আগস্ট, ২০২১ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ২৮৫-আইন/২০২১।—যেহেতু স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮নং আইন), এর ধারা ৪ এর উপ-ধারা (৪) এর দফা (খ) এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্ন তফসিলভুক্ত এলাকাসমূহকে ঢাকা জেলার দোহার পৌরসভা হইতে বহির্ভূত করিবার উদ্দেশ্যে পৌরসভার পৌর এলাকার সীমানা পরিবর্তন (সম্প্রসারণ ও সংকোচন) বিধিমালা, ২০১৬, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এর বিধি ৭ এর উপ-বিধি (১) এর বিধান মোতাবেক সরকার, দোহার পৌরসভার সীমানা সংকোচন সম্পর্কে উক্ত এলাকার পরিষদের নিকট হইতে পরামর্শ বা আপত্তি আহ্বান করিয়া একটি বিজ্ঞপ্তি জারির জন্য ঢাকা জেলার জেলা প্রশাসককে নির্দেশনা প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ঢাকা জেলার জেলা প্রশাসক উক্ত বিধিমালার বিধি (৭) এর উপ-বিধি (২) ও (৩) এর বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উপ-বিধি (৪) এর বিধান অনুযায়ী নিম্ন তফসিলভুক্ত এলাকাসমূহকে ঢাকা জেলার দোহার পৌরসভার সীমানা বহির্ভূত করিয়া উক্ত পৌরসভার সীমানা সংকোচন করিবার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনা করিয়া নিম্ন তফসিলভুক্ত এলাকাসমূহকে ঢাকা জেলার দোহার পৌরসভার সীমানা বহির্ভূত করিয়া উক্ত পৌরসভার সীমানা সংকোচন করিবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(১২৬৫৩)

মূল্য : টাকা ৪.০০

সেহেতু সরকার উক্ত বিধিমালার বিধি ৮ এর উপ-বিধি (৩) এর বিধান অনুযায়ী নিম্ন তফসিলভুক্ত এলাকাসমূহকে ঢাকা জেলার দোহার পৌরসভার সীমানা বহির্ভূত করিয়া উক্ত পৌরসভার সীমানা সংকোচন করিল, যথা :—

তফসিল

ক্রমিক নম্বর	সাবেক ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল নম্বর	দাগ নম্বর
১.	রাইপাড়া			৭২৬-৮৬৭, ৮৬৯-৮৭০, ৮৭২-১০৫৭, ১৩৫৪-১৩৫৮, ১৩৬০, ১৩৭৫-১৩৮২, ১৩৮৭-১৩৮৯, ১৩৯১-১৩৯৩, ১৩৯৫- ১৪০১
২.	মাহমুদপুর	লটাখোলা মৌজা	৪৩	১-২৯৭, ২৯৯-৫২৩, ২০০১-২৪১৮, ২৪২০-২৪২৫, ২৪২৯-২৫২৭, ২৫৩০- ২৫৭৩, ২৫৭৬, ২৮৯৩, ২৮৯৬, ২৮৯৮, ২৮৯৯, ২৯০০-২৯১০, ২৯১২, ২৯১৫-২৯২৪, ২৯২৫, ২৯২৯
৩.	রাইপাড়া	খালপাড় মৌজা	৫৮	১-২৫৯, ২৬১-৩৭৫, ৫০১-৫০৪, ৫২৯-৫৪১, ৫৫৭-৫৯৩, ৬১৩-৬৭৮, ৬৮০-৮৯২, ১৮১৫-১৮১৮, ২০০১- ২০২৩, ২০২৫, ২০২৭-২১৪৭, ২১৫০, ২১৬১, ২১৬৮, ২২৯০, ২২৯১, ২২৯৩, ২২৯৯
৪.	সুতারপাড়া	সুতারপাড়া মৌজা	৬৩	১-৬৮৫, ৭০৪-১৫৪৭
৫.	সুতারপাড়া	কাজিরচর মৌজা	৬২	২৮-২৯, ১১৭-১১৮, ১২১-১২২, ১৩৮- ১৩৯, ১৪৪, ১৪৬-২৪৬, ২৫০-২৫২, ২৫৬-২৫৮, ২৬১-২৬২, ২৬৪, ২৬৯- ২৭০, ২৭৪-২৭৮, ২৯৩-৪৭৬, ৪৭৮- ৪৮৩
৬.	সুতারপাড়া	মধুরচর মৌজা	৬৮	২৪-৪৩৯

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ ফারুক হোসেন

উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd